

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫২২

२৫/ ि किंक (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩৬. মহানবী ﷺ যে দোয়া পড়ে ঝাড়ফুঁক করেছেন এবং তাঁকে যে দোয়া পড়ে ঝাড়ফুঁক করা হয়েছে

بَابِ مَا عَوَّذَ بِهِ النَّبِيُّ عَلَيْكِ وَمَا عُوِّذَ بِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ، حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ، عَنْ يَزِيدَ بْنِ خُصَيْفَة، عَنْ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ، عَنْ نَافِعِ بْنِ جُبَيْرٍ، عَنْ عُثْمَانَ بْنِ أَبِي الْعَاصِ التَّقَفِيِّ، عَنْ عَمْرو بْنِ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ، عَنْ نَافِعِ بْنِ جُبَيْرٍ، عَنْ عُثْمَانَ بْنِ أَبِي الْعَاصِ التَّقَفِيِّ، أَنَّهُ قَالَ قَدِمْتُ عَلَى النَّبِيِّ - صلى الله عليه وسلم - وَبِي وَجَعٌ قَدْ كَادَ يُبْطِلُنِي فَقَالَ لِي النَّهِ قَالَ لِي النَّهِ عَلَى الله عليه وسلم - " اجْعَلْ يَدَكَ الْيُمْنَى عَلَيْهِ وَقُلْ بِسْمِ اللَّهِ أَعُوذُ بِعِزَّةِ اللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجِدُ وَأُحَاذِرُ سَبْعَ مَرَّاتٍ " . فَقُلْتُ ذَلِكَ فَشَفَانِيَ اللَّهُ .

বাংলা

৩/৩৫২২। উসমান ইবনে আবুল আস আস-সাকাফী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এমন মারাত্মক ব্যথা নিয়ে উপস্থিত হলাম, যা আমাকে অকেজাে প্রায় করেছিল। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ তুমি তােমার ডান হাত ব্যথার স্থানে রেখে সাতবার বলােঃ 'আউযু বি-ইজ্জাতিল্লাহি ওয়া কুদরাতিহী মিন শাররি মা আজিদু ওয়া উহাযিরু'' (আল্লাহর নামে আমি আল্লাহর অসীম সম্মান ও তাঁর বিশাল ক্ষমতার উসীলায় আমার অনুভূত এই ব্যথার ক্ষতি থেকে আশ্রয় প্রার্থনা করি)।

English

It was narrated that 'Uthman bin Abul-'As Thaqafi said:

"I came to the Prophet (ﷺ) and I was suffering pain that was killing me. The Prophet (ﷺ) said to me: 'Put your right hand on it and say: Bismillah, a'udhu bi'izzatil-lahi wa qudratihi min sharri ma ajidu wa uhadhiru. (In the Name of Allah, I seek refuge in the might and power of Allah from the evil of what I feel and what I fear)," seven times.' I said that, and Allah healed me."

ফুটনোট



মুসলিম ২২০২, তিরমিয়ী ২০৮০, আবূ দাউদ ৩৮৯১, আহমাদ ১৫৮৩৪, ১৭৪৪৯, আহমাদ ১৭৫৪, আত-তহাবিয়াহ ৭০, সহীহাহ ৩/৪০৪। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী যুহায়র বিন মুহাম্মাদ সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। ইবনু আবদুল বার আল-আন্দালাসী বলেন, তিনি সকলের নিকট দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২০১৭, ৯/৪১৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবনু আবূল-আস আস-সাকাফী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন